UNIVERSITY OF DHAKA: Applications are invited from the Bangladeshi nationals for filling up 01(One) permanent post of Assistant Professor and 02(Two) posts of Lecturer (01 vacant permanent Lecturer post and 01 Lecturer post immediately vacated due to the appointment to 01 permanent Assistant Professor post) at the Institute of Social Welfare and Research, University of Dhaka. Pay scale: For Assistant Professor post: 35,500-67,010/- (National Pay Scale-2015) and Lecturer post: 22,000-53,060/- (National Pay Scale-2015).

Qualifications for Assistant Professor: Candidates must have a first class/a minimum CGPA 3.50 out of 4.00 in both Bachelor and Master degrees in Social Welfare/Social Work with a first division/ a minimum GPA 4.25 out of 5.00 both in SSC and HSC examinations. Requirements for either the SSC or HSC examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both Bachelor and Master degrees. Candidates must have at least 03 (three) years of teaching experience at a university or at least 02 (two) years as postdoctoral research or at least 06 (six) years research experience as a research/scientific officer or an equivalent position in a reputed research organization. Candidates with a PhD should have at least 01(one) year of teaching experience at a university. Applicants must have at least 03 (three) research publications in the indexed/quality journal with a DOI (Digital Object Identifier). Article published in predatory journals will not be accepted. Candidates should have Google scholar, LinkedIn and ORCID ID. Relevant notes and conditions apply. (For details, see the Dhaka University Website).

Qualifications for Lecturer: Candidates must have a first class/a minimum CGPA 3.50 out of 4.00 both in Bachelor and Master degrees in Social Welfare/Social Work with a first division/a minimum GPA 4.25 out of 5.00 in both SSC and HSC examinations. Requirements for either the SSC or HSC examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both Bachelor and Master degrees. Candidates having a PhD in the relevant field and research publication(s) in a quality journal may get preference. Relevant notes and conditions apply. (For details, see the Dhaka University Website).

Application Guideline: Candidates have to fill the online application form and pay the application fee Tk. 750/- (Seven Hundred and Fifty) by logging on to https://jobs.du.ac.bd website by 11:59 PM on **15/11/2026**. After successful completion of the online application process, candidates can download their filled application form and payment slip in pdf format. 08 (eight) copies of the downloaded application form should be printed and submitted to the Registrar, University of Dhaka within office hours on **16/11/2026** with payment slip. Attested copies of certificates, testimonials, marksheets and proof of experience should be attached to each copy of the application form. Candidates who are already in service should apply through proper authority.

ঢাকা বিশ্ববিদ্যালয়: সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে ০১ (এক) টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ এবং ০২ (দুই) টি প্রভাষক (০১টি শূন্য স্থায়ী প্রভাষক পদ ও ০১ টি স্থায়ী সহকারী অধ্যাপক পদে নিয়োগলাভের ফলে তাৎক্ষনিকভাবে শূন্য ০১টি শূন্য প্রভাষক পদ) এর শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বেতন স্কেল: সহকারী অধ্যাপক পদের জন্য ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫) এবং প্রভাষক পদের জন্য ২২,০০০-৫৩,০৬০/-টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ/জিপিএ এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ সমাজকল্যাণ/সমাজকর্ম বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি/সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স এবং মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদের ক্ষেত্রে এসএসসি বা এইচএসসি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে অথবা পোস্ট ডক্টরাল গবেষক হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা অথবা কোন স্বনামধন্য গবেষণা সংস্থায় গবেষক/বৈজ্ঞানিক কর্মকর্তা/সমতুল্য পদে ০৬ (ছয়) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের ইন্ডেক্সড/ডিওআই (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সম্বলিত মানসম্পন্ন জার্নালে কমপক্ষে ০৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। Predatory জার্নালে প্রকাশিত কোন প্রবন্ধ গ্রহণ করা হবে না। প্রার্থীদের Google scholar, LinkedIn এবং ORCID ID থাকতে হবে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

প্রভাষক পদের যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ-এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ সমাজকল্যাণ/সমাজকর্ম বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রিসহ উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি/সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এসএসসি বা এইচএসসি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি এবং মানসম্পন্ন জার্নালে গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

আবেদন নির্দেশিকা: প্রার্থীকে https://jobs.du.ac.bd ওয়েবসাইটে লগইন করার মাধ্যমে **১৫/১১/২০২৬** তারিখ রাত **১১:৫৯** এর মধ্যে অনলাইন আবেদন ফরম পূরণ এবং অনলাইনে আবেদন ফি ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অনলাইন আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তার পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রশিদ পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে পেমেন্ট রশিদসহ ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট আগামী **১৬/১১/২০২৬** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশীট/গ্রেডশীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।